



তথ্যবিবরণী

নম্বর-২০৪

শান্তি-শৃঙ্খলা উন্নয়নে যুব উন্নয়ন অধিদপ্তরের সচেতনতামূলক অনুষ্ঠান

রাজশাহী; ০৫ ফাল্গুন (১৮ ফেব্রুয়ারি):

রাজশাহীতে যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে 'শান্তি-শৃঙ্খলা উন্নয়নে এবং সামাজিক সচেতনতায় যুবদের ভূমিকা' শীর্ষক জনসচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ (১৮ ফেব্রুয়ারি) মঙ্গলবার বিকালে জেলা যুব প্রশিক্ষণ কেন্দ্রে 'এসো দেশ বদলাই পৃথিবী বদলাই' স্লোগানকে সামনে রেখে তারুণ্যের উৎসব-২০২৫ এর অংশ হিসেবে এ সভা আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার তরফদার মো. আক্তার জামিল।

প্রধান অতিথির বক্তৃতায় আখতার জামিল বলেন, সমাজে শান্তি-শৃঙ্খলা বিনষ্ট করে বড়রা কিছু তাদের দেখা যায় না, তারা অদৃশ্যমান। যাদের দেখা যায় তারা হচ্ছে তরুণ। তরুণরা ব্যবহৃত হয়, বিশেষ করে যেসব তরুণ বেকার তারাই বেশি ব্যবহৃত হয়।

প্রধান অতিথি বলেন, আমরা খারাপ কাজ থেকে দুইভাবে নিবৃত্ত হতে পারি। প্রথমত বই পড়ে দ্বিতীয়ত কোনো প্রশিক্ষণ নিয়ে কাজে যুক্ত হয়ে। কাজে যুক্ত হলে অন্যের দ্বারা ব্যবহৃত হওয়ার সম্ভাবনা কমে যায় এবং নিয়ম বিরুদ্ধ কাজ করার সময়ও থাকে না। কাজের বিষয়ে কোনো লজ্জা নেই। আর এখনকার তরুণদের তো এমন লজ্জা আগেই ভেঙে গেছে।

সমাজে শান্তি-শৃঙ্খলা বিনষ্টে তরুণদের ব্যবহৃত না হওয়ার পরামর্শ দিয়ে আখতার জামিল বলেন, কোনো কোনো সময় সিনিয়রদের না বলতে শিখতে হবে। তাদেরকে না বলতে হবে।

তিনি বলেন, নিজের এলাকার পরিবেশ ঠিক রাখতে আমরা সক্ষম থেকে ভোর পর্যন্ত নিজেরা পাহারা দিতে পারি। গ্রামেও দল গঠন করে পাহারা দেয়া যায়। বাইরের লোকদের যদি আমরা আমাদের নিজেদের এলাকায় সুযোগ না দেই তবে তারা বিশৃঙ্খলা করতে পারবে না।

এসময় তিনি তরুণদের সক্ষ্যার মধ্যে বাসায় ফেরার উত্তম চর্চা অনুসরণের পরামর্শ দেন।

রাজশাহী যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক এ.টি.এম গোলাম মাহবুব এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন আঞ্চলিক তথ্য অফিসের উপপ্রধান তথ্য অফিসার মো. তৌহিদুজ্জামান এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিচালক মো. জিল্লুর রহমান।

অনুষ্ঠানে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ কোর্সের বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণার্থী, উদ্যোক্তা এবং দপ্তরটির কর্মকর্তা-কর্মচারীরা অংশগ্রহণ করে।

.....
তৌহিদ/আতিক/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৩.০০ঘ.